রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৩ সনের ৩২ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ৮, ২০১৩

## সূচীপত্র


| | | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ম | খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৪৯৫—৫০৩ |
| ২য় | খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১০০৭—১০২৫ |
| ৩য় | খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৮৩—১৮৫ |
| ৪র্থ | খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম | খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ | খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৯৯৭—১০২৬ |
| ৭ম | খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম | খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৫৩ |
| | **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) | . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) | . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) | . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) | . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) | . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) | ...............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**পরিচালনা পর্ষদ ও সমন্বয় অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১১ মার্চ ২০১৩

**নং ৫৩.০০১.০১১.০০.০০.০০৫.২০০৮-১৩০**—অগ্রণী ব্যাংক লিমিটেড এর Memorandum and Articles of Association-এর বিধান অনুযায়ী জনাব কে. এম. এন. মঞ্জুরুল হক লাবলু, Chief Editor & Managing Director, Global News Agency-কে অগ্রণী ব্যাংক লিমিটেড এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ১৪ মার্চ ২০১৩

**নং ৫৩.০০১.০১১.০০.০০.০১৪.২০০৮-১৩৪**—আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক আইন, ১৯৯৫ এর ৯(১)(খ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে ব্রিগেডিয়ার জেনারেল মোঃ রেজুয়ানুল হক চৌধুরী, এএফডব্লিউসি, পিএসপি এর স্থলে ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জাহিদ হাছান, পিএসপি, অতিরিক্ত মহাপরিচালক, আনসার ও ভিডিপি-কে আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রিজওয়ানুল হুদা**
উপ-সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ, ২৫ ফেব্রুয়ারি ২০১৩

**নং আর-৬/৭এন-০৮/২০১৩-১২৮**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে খাগড়াছড়ি পার্বত্য জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব অংসুইথুই মারমা (অংসুই), পিতা মৃত জনাব আচিঅং মারমাকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাতে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ২৬ ফেব্রুয়ারি ২০১৩

**নং আর-৬/৭এন-০৭/২০১৩-১২৭**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে চুয়াডাঙ্গা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব আবু সঈদ মোহাম্মদ আব্দুর রউফ, পিতা জনাব মোঃ আবু তাহেরকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাতে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিজানুর রহমান খান**
উপ-সচিব (প্রশাসন)।

**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ১২ ফেব্রুয়ারি ২০১৩

**নং বিচার-৭/২এন-১১/২০০২-৯৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব ইসলাম উদ্দিন, পিতা আইয়ুব আলী, গ্রাম বাগবাড়ী, ওয়ার্ড নং ৬, হোল্ডিং ৮২, পৌরসভা ছাতক, সুনামগঞ্জ। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সুনামগঞ্জ জেলার ছাতক পৌরসভার ৬ ও ৯ নং ওয়ার্ড এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ১৩ ফেব্রুয়ারি ২০১৩

**নং বিচার-৭/২এন-৪৪/২০১২-১০০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব কে, এম হেলাল উদ্দিন, পিতা কাজী মোঃ আছির উদ্দিন, গ্রাম ও ডাকঘর নলুয়া, উপজেলা শখিপুর, জেলা টাংগাইল। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে টাংগাইল জেলার সখিপুর উপজেলার ৪নং যাদবপুর ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ১৪ ফেব্রুয়ারি ২০১৩

**নং বিচার-৭/২এন-১২/৮০(অংশ)-১০৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ হাবিবুল হক খন্দকার, পিতা মৃত কুবাদ আলী খন্দকার, গ্রাম+ডাকঘর ইউ,পি-ভিতরবন্দ, উপজেলা নাগেশ্বরী, জেলা কুড়িগ্রাম। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুড়িগ্রাম জেলাধীন নাগেশ্বরী উপজেলার ৯নং ভিতরবন্দ ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ১৭ ফেব্রুয়ারি ২০১৩

**নং বিচার-৭/২এন-১৫/৯৫(অংশ)-১০৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব নাজমুল হোসাইন, পিতা কাজী মোহাম্মদ হাসিনুর রহমান, মহল্লা ধরমপুর, পোঃ বিনোদপুর বাজার, থানা মতিহার, জেলা রাজশাহী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রাজশাহী সিটি কর্পোরেশনের ২৮নং ওয়ার্ড এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২৭ ফেব্রুয়ারি ২০১৩

**নং বিচার-৭/২এন-৯৬/৭৩(অংশ-১)-১১৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মুহাম্মদ জামাল হোসাইন, পিতা মৃত মকবুল হোসাইন, সালেহা নীড়, মহিলা কলেজ রোড ৮নং ওয়ার্ড বাউফল পৌরসভা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পটুয়াখালী জেলার বাউফল পৌরসভার ৭, ৮ ও ৯নং ওয়ার্ড এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ মাহমুদুল করিম**
সিনিয়র সহকারী সচিব।

**আদেশ**

তারিখ, ১১ মার্চ ২০১৩

**নং বিচার-৭/২এন-৭৫/২০০৩-১৪৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব শাহিনুর রহমান, পিতা মঞ্জুর রহমান, গ্রাম উদপাড়া, পোঃ গোয়ালকান্দি, উপজেলা বাগমারা, জেলা রাজশাহী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রাজশাহী জেলার বাগমারা উপজেলার ১৩নং গোয়ালকান্দি ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোহাম্মদ শাহীন উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।

**খাদ্য মন্ত্রণালয়**
**সংস্থা প্রশাসন**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১২ ফাল্গুন ১৪১৯/২৪ ফেব্রুয়ারি ২০১৩

**নং ১৩.০০.০০০০.০২২.৩২.০০৩.১০-৮৭**—যেহেতু, এস, এম জসিম উদ্দিন, প্রাক্তন জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী, (বর্তমানে সহকারী আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-১৯৮৫ এর ৩(বি) ও (ডি) অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজু করিয়া কেন তাহাকে উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না মর্মে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;

২। যেহেতু, জনাব এস, এম জসিম উদ্দিন, উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন এবং জবাবে ব্যক্তিগত শুনানীর আবেদন করেন;

৩। যেহেতু ১০-১-২০১৩ তারিখে জনাব এস, এম জসিম উদ্দিন, প্রাক্তন জেলা খাদ্য নিয়ন্ত্রক এর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং তিনি কারণ দর্শানোর নোটিশের জবাব এবং শুনানীতে তার বিরুদ্ধে আনীত অভিযোগ খন্ডন করতে পারেন নাই;

৪। এক্ষণে, সেহেতু ব্যক্তিগত শুনানী পর্যায়ে প্রদত্ত জবাব ও তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদন, তার মৌখিক ও লিখিত বক্তব্য এবং সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনায় তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৪(২)(এ) অনুযায়ী 'তিরস্কার' দণ্ড প্রদান করা হইল।

তারিখ, ১৩ ফাল্গুন ১৪১৯/২৫ ফেব্রুয়ারি ২০১৩

**নং ১৩.০০.০০০০.০২২.৩২.০০৬.২০০৫/৮৮**—জনাব মোঃ আব্দুল আলীম, আঞ্চলিক রক্ষণাবেক্ষণ প্রকৌশলী (আরএমই), আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক এর দপ্তর, খুলনা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী

(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর (বি) ও (ডি) বিধি মতে অসদারচণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মালা রুজু করিয়া কেন তাহাকে উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না মর্মে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

২। যেহেতু, জনাব মোঃ আব্দুল আলীম, উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন এবং জবাবে ব্যক্তিগত শুনানীর আবেদন করেন।

৩। যেহেতু, ২০-৭-২০০৯ তারিখে জনাব আব্দুল আলীম এর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা এবং তিনি কারণ দর্শানোর নোটিশের জবাব এবং শুনানীতে তার বিরুদ্ধে আনীত অভিযোগ খণ্ডন করতে পারেন নাই।

৪। এক্ষণে, সেহেতু, ব্যক্তিগত শুনানী পর্যায়ে প্রদত্ত জবাব ও তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদন, তার মৌখিক ও লিখিত বক্তব্য এবং সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনায় তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী জনাব আব্দুল আলীম, আঞ্চলিক রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্ত হওয়ায় তার বিরুদ্ধে উক্ত বিধিমালার ৪(১)(এ) ও ৪(২)(বি) বিধি অনুযায়ী নিম্নোক্ত শাস্তি প্রদান করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

(ক) জনাব মোঃ আব্দুল আলীমের উপর তিরস্কার দণ্ড প্রদান করা হলো।

(খ) জনাব মোঃ আব্দুল আলীমের ১টি বার্ষিক বেতন বৃদ্ধি ২ (দুই) বছরের জন্য স্থগিত করা হলো।

**মুশফেকা ইকফাৎ**
সচিব।

---

**ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়**
**অধিশাখা-২**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ৬ ফাল্গুন ১৪১৯/১৮ ফেব্রুয়ারি ২০১৩

**নং ১৪.০০.০০০০.০০২.০২৭.০০২.১২-৭৮**—যেহেতু, বিলুপ্ত বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ড (বিটিটিবি) বর্তমানে বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিঃ (বিটিসিএল) এর প্রাক্তন বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), টেলিকমিউনিকেশন্স নেটওয়ার্ক উন্নয়ন শীর্ষক প্রকল্প, ঢাকা জনাব মোঃ মনিরুজ্জামান আফ্রাদ পারিবারিক প্রয়োজনে ১-১০-২০১০ হতে ৩১-১-২০১১ তারিখ পর্যন্ত ৪ (চার) মাস মঞ্জুরীকৃত অর্জিত ছুটিতে থাকাবস্থায় ডাক্তারের পরামর্শে আরও ৩ (তিন) মাসের অর্জিত ছুটির আবেদন করেন। উক্ত আবেদনে ছুটি প্রাপ্যতার প্রত্যয়নপত্র না থাকায় তা মঞ্জুর করা হয়নি। ফলে তাঁর অনুমোদিত ছুটির মেয়াদ ৩১-১-২০১১ তারিখে শেষ হয়ে যায়;

২। যেহেতু, জনাব মোঃ মনিরুজ্জামান আফ্রাদ, পরবর্তীতে অক্ষমতাজনিত অবসরের আবেদন করেন। তাঁর উক্ত আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ সার্ভিস রুলস এর বিধি-৩২১, টীকা-১ অনুযায়ী মেডিক্যাল বোর্ডকে নির্ধারিত ফরমে সার্টিফিকেট প্রদানের জন্য মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবর বিটিসিএল হতে অনুরোধ জানানো হয়। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক উক্ত বিষয়ে দায়িত্বপ্রাপ্ত পরিচালক, জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল মহাখালী, ঢাকা-এর দপ্তর হতে জানানো হয় যে, জনাব মোঃ মনিরুজ্জামান আফ্রাদ, বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), বিটিসিএল-কে বিগত ২২-৩-২০১২ তারিখে মেডিক্যাল বোর্ডের সম্মুখে উপস্থিত হওয়ার জন্য নোটিশ প্রদান করা হলেও ধার্য তারিখে তিনি উপস্থিত হননি;

৩। যেহেতু, জনাব মোঃ মনিরুজ্জামান আফ্রাদকে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ১-২-২০১১ তারিখ হতে নিজ কর্মে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(সি) ধারা অনুযায়ী "ডিজারশন" এর অভিযোগে অভিযুক্ত করে মন্ত্রণালয়ের ৫-৯-২০১২ তারিখের স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারিপূর্বক ১ম কারণ দর্শানোর নির্দেশ দেয়া হয়, যা কর্মকর্তার স্থায়ী ও সর্বশেষ জ্ঞাত ঠিকানায় প্রেরণ করা হয়। কিন্তু তিনি কোন জবাব দাখিল করেননি;

৪। যেহেতু, জনাব মোঃ মনিরুজ্জামান আফ্রাদ ১ম কারণ দর্শানোর কোন জবাব প্রদান কিংবা কর্তৃপক্ষের সাথে কোনরূপ যোগাযোগ না করায় অভিযোগটি তদন্তের জন্য এ মন্ত্রণালয়ের উপ-সচিব বেগম মোসাঃ ইসমত আরা জাহান-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিগত ২১-১০-২০১২ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দালিখকৃত প্রতিবেদনে জনাব মোঃ মনিরুজ্জামান আফ্রাদ-এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত মর্মে মতামত প্রদান করা হয়;

৫। যেহেতু, তদন্তে জনাব মোঃ মনিরুজ্জামান আফ্রাদ-এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে কেন চাকুরী হতে বরখাস্ত করার শাস্তি প্রদান করা হবে না মর্মে এ মন্ত্রণালয়ের ১১-১১-২০১২ তারিখের স্মারকমূলে ২য় কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়। নোটিশটি গত ২৫-১১-২০১২ তারিখে "দৈনিক ইত্তেফাক" এবং ২৮-১১-২০১২ তারিখে "দি ডেইলী স্টার" পত্রিকায় প্রকাশিত হয়। কিন্তু, তিনি ২য় কারণ দর্শানো নোটিশের কোন জবাব দাখিল করেননি;

৬। যেহেতু, জনাব মোঃ মনিরুজ্জামান আফ্রাদ ২য় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (সি) ধারানুযায়ী রুজুকৃত বিভাগীয় মামলায় একই বিধিমালার ৪(৩)(ডি) ধারা মোতাবেক তাঁকে "চাকরি হতে বরখাস্ত" করার লক্ষ্যে ১১-১২-২০১২ তারিখে সরকারি কর্মকমিশনের পরামর্শ/মতামত চাওয়া হয়। পিএসসি'র ৭-১-২০১৩ তারিখের ৮০.১০১.০৩৪.০০.০০.০৩৬.২০১২-১৬০৩ নং স্মারকে তাঁকে "চাকরি হতে বরখাস্ত" করার এ মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করা হয়;

৭। যেহেতু, জনাব মোঃ মনিরুজ্জামান আফ্রাদ, বিসিএস (টেলিকম) ক্যাডারের ১ম শ্রেণীর একজন কর্মকর্তা বিধায় তাঁকে "চাকরি হতে বরখাস্ত" করণের প্রস্তাবে মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ অনুমোদন প্রদান করেন;

৮। এক্ষণে, সেহেতু, কর্তৃপক্ষের বিনানুমতিতে নিজকর্মে অনুপস্থিত থাকার অপরাধে বিটিসিএল এর প্রাক্তন বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), টেলিকমিউনিকেশন নেটওয়ার্ক উন্নয়ন শীর্ষক প্রকল্প, ঢাকা জনাব মোঃ মনিরুজ্জামান আফ্রাদ-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(সি) ধারানুযায়ী রুজুকৃত বিভাগীয় মামলায় দোষী সাব্যস্তপূর্বক একই বিধিমালার ৪(৩)(ডি) ধারানুযায়ী নিজ কর্মে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১-২-২০১১ তারিখ থেকে "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from Service)" করা হলো।

**নং পিটি/শাখা-২/১পি-৩৪/২০০৮-৭৯**—যেহেতু, বিলুপ্ত বিটিটিবি বর্তমানে বিটিসিএল-এর বিভাগীয় প্রকৌশলী, টেলিকম, বগুড়া জনাব মোঃ তাজুল ইসলাম ইতোপূর্বে ২০০৫-২০০৬ অর্থ বছরে বিভাগীয় প্রকৌশলী, টেলিকম, বগুড়া হিসেবে কর্মরত থাকাবস্থায় তাঁর বিরুদ্ধে "৪৯০০-রক্ষণাবেক্ষণ ও মেরামত" খাতে বিধি বহির্ভূতভাবে ১৭৯১৬৬৮ টাকা বাজেট বরাদ্দের অতিরিক্ত ব্যয়ের অভিযোগ আনা হয়। উক্ত অভিযোগে তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর ৩(বি) ও ৩(ডি) ধারা অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "দুর্নীতি"র দায়ে অভিযুক্ত করে এ মন্ত্রণালয়ের ৯-৭-২০১২ তারিখের ২৭৫ নং স্মারকমূলে বিভাগীয় মামলা দায়ের করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারীপূর্বক কারণ দর্শানো হয়। অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানীর আবেদন করলে ২২-৮-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গৃহীত হয়;

২। যেহেতু, জনাব মোঃ তাজুল ইসলাম-এর আত্মসমর্পনমূলক জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ন্যায় বিচার নিশ্চিতকল্পে বিভাগীয় মামলাটির অভিযোগ তদন্ত করার জন্য এ মন্ত্রণালয়ের উপ-সচিব বেগম মোসাঃ ইসমত আরা জাহানকে নিয়োগ করা হয়;

৩। যেহেতু, তদন্ত কর্মকর্তা বিগত ৪-২-২০১৩ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ তাজুল ইসলাম কর্তৃক ২০০৫-২০০৬ অর্থ বছরে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে বাজেট বরাদ্দের অতিরিক্ত ব্যয় Posts & Telegraph Mannual ২য় খণ্ডের ৭৮৩(১) ধারার পরিপন্থি হওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত অর্থ বিধি লংঘনপূর্বক অতিরিক্ত ব্যয়ের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত মর্মে মতামত প্রদান করা হয়েছে;

৪। যেহেতু, জনাব মোঃ তাজুল ইষলাম-এর বিভাগীয় মামলার অভিযোগনামা, অভিযোগ বিবররণী, অভিযুক্ত কর্মকর্তার জবাব ও তদন্ত কর্মকর্তার প্রতিবেদন এবং অডিট আপত্তির তথ্য পর্যালোচনায় দেখা যায়, তাঁর বিরুদ্ধে বিভাগীয় প্রকৌশলী, টেলিকম, বগুড়া অফিসে কর্মরত থাকাবস্থায় ২০০৫-২০০৬ অর্থ বছরে ১৭৯১৬৬৮ (সতের লক্ষ একানব্বই হাজার ছয়শত আটষট্টি) টাকা বাজেট অতিরিক্ত ব্যয়ের আনীত অভিযোগ Posts & Telegraph Mannual ২য় খণ্ডের ৭৮৩(১) ধারার পরিপন্থি হওয়ায় তা অনিয়মিত ব্যয় হিসেবে প্রতিষ্ঠিত এবং তদন্তেও অভিযোগটি প্রমাণিত, যার দায়-দায়িত্ব অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ তাজুল ইসলাম এর উপরই বর্তায়;

৫। অতএব, যেহেতু, বিলুপ্ত বিটিটিবি বর্তমানে বিটিসিএল-এর বিভাগীয় প্রকৌশলী, টেলিকম, বগুড়া জনাব মোঃ তাজুল ইসলাম এর বিরুদ্ধে ২০০৫-২০০৬ অর্থ বছরে বিভাগীয় প্রকৌশলী, টেলিকম, বগুড়া অফিসে কর্মরত থাকাবস্থায় "৪৯০০-রক্ষণাবেক্ষণ ও মেরামত" খাতে বাজেট বরাদ্দের অতিরিক্ত ব্যয়ের অভিযোগ পর্যালোচনান্তে অর্থ আত্মসাতের বিষয়টি প্রমাণিত না হওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত "দুর্নীতি"র অভিযোগ হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হলো; এবং

যেহেতু, জনাব মোঃ তাজুল ইসলাম কর্তৃক ২০০৫-২০০৬ অর্থ বছরে বাজেট অতিরিক্ত ব্যয়িত ১৭৯১৬৬৮ (সতের লক্ষ একানব্বই হাজার ছয়শত আটষট্টি) টাকা Posts & Telegraph Mannual ২য় খণ্ডের ৭৮৩(১) বিধি অনুযায়ী অনিয়মিত ব্যয় হিসেবে প্রতীয়মান হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) উপ-বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে দোষী সাব্যস্তপূর্বক গুরুদণ্ডের পরিবর্তে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো;

৬। এক্ষণে, সেহেতু, জনাব মোঃ তাজুল ইসলাম, বিভাগীয় প্রকৌশলী, টেলিকম, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিঃ (বিটিসিএল) (বিলুপ্ত বিটিটিবি), বগুড়া-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর ৪(২)(এ) উপ-বিধি অনুযায়ী "তিরস্কার" (Censure) দণ্ড এবং উক্ত বিধিমালার ৪(২)(ডি) উপ-বিধি অনুযায়ী জনাব মোঃ তাজুল ইসলাম-এর নিকট হতে বাজেট বরাদ্দ অতিরিক্ত ব্যয়িত ১৭৯১৬৬৮ (সতের লক্ষ একানব্বই হাজার ছয়শত আটষট্টি) টাকা আদায়ের দণ্ড প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবুবকর সিদ্দিক**
সচিব।

---

## অফিস আদেশাবলী

তারিখ, ৭ ফাল্গুন ১৪১৯/১৯ ফেব্রুয়ারি ২০১৩

**নং ১৪.০০.০০০০.০০২.২৭.০০৩.১৩-৮০**—বিলুপ্ত বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ড (বিটিটিবি) বর্তমানে বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিঃ (বিটিসিএল) এর বিভাগীয় প্রকৌশলী (টেলিকম), মৌলভীবাজার ও অতিরিক্ত দায়িত্বে বিভাগীয় প্রকৌশলী (ফোন্স), সিলেট জনাব বিনয় কৃষ্ণ গায়েন (২১৫৩)-এর দায়িত্ব অবহেলা, অসাধু ব্যক্তি ও প্রতিষ্ঠানের সাথে যোগসাজস এবং দুর্নীতির মাধ্যমে সিলেট টেলিযোগাযোগ অঞ্চলের তালতলাস্থ ডিজিটাল এক্সচেঞ্জে অবৈধভাবে Server জাতীয় যন্ত্রপাতি সংযোজনের মাধ্যমে অবৈধভাবে কল বাইপাস করে সরকারের বিপুল পরিমাণ আর্থিক ক্ষতির বিষয়টি প্রাথমিক তদন্তে উদঘাটিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর ১১ (১) বিধি মোতাবেক তাঁকে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। বাংলাদেশ সার্ভিস রুল্স বিধি-৭১ ও এফ.আর ৫৩ (বি) বিধি মোতাবেক তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অদ্য ১৯-২-২০১৩ তারিখ হতে কার্যকর হবে।

**নং ১৪.০০.০০০০.০০২.২৭.০০৩.১৩-৮১**—বিলুপ্ত বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ড (বিটিটিবি) বর্তমানে বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিঃ (বিটিসিএল) এর উপ-বিভাগীয় পকৌশলী, ফোন্স (আভ্যঃ), দেখাশুনা, সিলেট জনাব মোঃ মামুন-আর-রশীদ (২৩৪২)-এর দায়িত্ব অবহেলা, অসাধু ব্যক্তি ও প্রতিষ্ঠানের সাথে যোগসাজস এবং দুর্নীতির মাধ্যমে সিলেট টেলিযোগাযোগ অঞ্চলের তালতালাস্থ ডিজিটাল এক্সচেঞ্জে অবৈধভাবে কল Server জাতীয় যন্ত্রপাতি সংযোজনের মাধ্যমে অবৈধভাবে কল বাইপাস করে সরকারের বিপুল পরিমাণ আর্থিক ক্ষতির বিষয়টি প্রাথমিক তদন্তে উদঘাটিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর ১১ (১) বিধি মোতাবেক তাঁকে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। বাংলাদেশ সার্ভিস রুল্স বিধি-৭১ ও এফ.আর ৫৩ (বি) বিধি মোতাবেক তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অদ্য ১৯-২-২০১৩ তারিখ হতে কার্যকর হবে।

**মোঃ আবুবকর সিদ্দিক**
সচিব।

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়**
**আইসিটি উইং**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১১ মার্চ ২০১৩

**নং ৫৬.০০.০০০০.০২৫.২২.০১.১৩-৪৫**—গত ২৪-২-২০১৩ তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় এর মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক ই-সার্ভিস রুল্‌স প্রণয়নের নিমিত্তে নিম্নরূপ সদস্যবৃন্দের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো ঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | প্রতিষ্ঠানের নাম | পদবী |
|---|---|---|---|
| (১) | জনাব জাবেদ আলী সরকার, পরিচালক (সিস্টেম) | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | আহ্বায়ক |
| (২) | জনাব মোঃ শরিফুল ইসলাম, প্রোগ্রামার | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | জনাব মোঃ ফখরুজ্জামান | A2I প্রোগ্রাম | সদস্য |
| (৪) | জনাব হাসানুজ্জামান, সহকারী প্রোগ্রামার | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | সদস্য-সচিব |

**কর্ম-পরিধি ঃ**

উক্ত কমিটি ই-সার্ভিস রুল্‌স এর পেশকৃত খসড়া পরীক্ষা করে মার্চ, ২০১৩ মাসের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শ্যামা প্রসাদ বেপারী**
যুগ্ম-সচিব (আইসিটি)।

---

**তথ্য মন্ত্রণালয়**

**টিভি-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮ ফাল্গুন ১৪১৯/১২ মার্চ ২০১৩

**নং তম/টিভি-২/১ডি-৪/২০১২/১৭৬**—বেসরকারি মালিকানায় স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল স্থাপন ও সম্প্রচার, বেসরকারি স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল ও বিদেশী স্যাটেলাইট টেলিভিশন চ্যানেলের বিদেশে রেমিট্যান্স প্রেরণ, সিনেমা হলে প্রদর্শিত বিদেশী চলচ্চিত্রের রেমিট্যান্স প্রেরণ, সংবাদপত্রের ইন্টারনেট/অনলাইন সংস্করণের জন্য সার্ভার ও ব্যান্ডউইথ ভাড়া বাবদ রেমিট্যান্ট প্রেরণ এবং ডিটিএইচ (ডাইরেক্ট টু হোম) পদ্ধতিতে স্যাটেলাইট টিভি চ্যানেল সম্প্রচারের অনাপত্তির বিষয়ে সুপারিশ প্রদানের জন্য সরকার নিম্নরূপভাবে কমিটি গঠন করলেন ঃ

**আহ্বায়ক**

(১) অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) অতিরিক্ত সচিব (প্রশাসন ও প্রেস)/যুগ্ম সচিব (প্রশাসন ও প্রেস), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৩) প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, ঢাকা।

(৪) যুগ্ম-সচিব (উন্নয়ন), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৫) যুগ্ম-সচিব (সম্প্রচারন), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৬) মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।

(৭) বিটিআরসির প্রতিনিধি

(৮) জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি

(৯) বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি

**সদস্য-সচিব**

(১০) উপ-সচিব (টিভি-২ অধিশাখা), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। **কমিটির কার্যপরিধি ঃ**

(ক) বেসরকারি মালিকানায় স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল স্থাপন ও পরিচালনা সংক্রান্ত বিধি-বিধান ও নীতিমালার আলোকে বেসরকারি মালিকানায় স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল স্থাপনের সুপারিশ প্রদান;

(খ) ডিটিএইচ (ডাইরেক্ট টু হোম) পদ্ধতিতে স্যাটেলাইট টিভি চ্যানেল সম্প্রচারের অনাপত্তির বিষয়ে সুপারিশ প্রদান;

(গ) বেসরকারি স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল হতে রেমিট্যান্স প্রেরণের প্রয়োজনীয় কাগজপত্র পর্যালোচনা ও সুপারিশ প্রদান;

(ঘ) বিদেশী স্যাটেলাইট টেলিভিশন চ্যানেলের ডিষ্ট্রিবিউটর কর্তৃক রেমিট্যান্স প্রেরণের প্রয়োজনীয় কাগজপত্র পর্যালোচনা করে সুপারিশ প্রদান;

(ঙ) পে-চ্যানেলের মূল্য নির্ধারণ এবং ক্যাবল টিভির সংযোগ গ্রহণকারী গ্রাহকদের সংযোগ ও মাসিক ফি নির্ধারণ, চ্যানেল কর্তৃক ট্যাক্স/ভ্যাট প্রদান, চ্যানেলে দেশী/বিদেশী বিজ্ঞাপন প্রচারের বিষয়ে মনিটর ও সুপারিশ প্রদান;

(চ) যে সকল শর্তে বেসরকারি মালিকানায় স্যাটেলাইট টেলিভিশন চ্যানেলকে অনুমোদন দেয়া হয়েছে তারা সে সকল শর্ত পালন করছে কিনা তা মনিটরিং করে মতামত/সুপারিশ প্রদান এবং বেসরকারি মালিকানায় টিভি চ্যানেলেসমূহ সংবাদ প্রচারের নীতিমালা যথাযথভাবে মেনে চলছে কিনা তা পর্যালোচনা ও সুপারিশ করা। বিদেশী ক্যাবল টিভি চ্যানেলসমূহ এবং সংশ্লিষ্ট ডিস্ট্রিবিউটর/অপারেটরগণ কেবল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন-২০০৬ যথাযথভাবে অনুসরণ করছে কিনা তা মনিটরিং ও সুপারিশ প্রদান;

(ছ) বিদেশে সংবাদ প্রেরণ/প্রচার করার ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলো আইন-কানুন প্রতিপালন করছে কিনা সে সব বিষয়ে পর্যালোচনা করে প্রয়োজনীয় সুপারিশ পেশ;

(জ) তথ্য মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিরেকে কোন চ্যানেল সম্প্রসারিত হলে তা বন্ধকরণসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণের সুপারিশ প্রদান;

(ঝ) ফ্রি টু এয়ার চ্যানেল এর কার্যক্রম মনিটর করা এবং এগুলো ডাউনলিংক করার ক্ষেত্রে তথ্য মন্ত্রণালয়ের অনুমোদনের বিষয়ে সুপারিশ প্রদান;

(ঞ) পর্যালোচনা কমিটি ১৫ (পনের) দিনে কমপক্ষে একবার বৈঠকে মিলিত হবে। কমিটির কার্যক্রম ও মতামত সংবলিত প্রতিবেদন সচিব মহোদয়কে ১ (এক) মাস অন্তর অবহিত করবেন;

(ট) বাংলাদেশের সিনেমা হলে প্রদর্শিত বিদেশী চলচ্চিত্রের রেমিট্যান্স প্রেরণের প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা করে সুপারিশ প্রদান;

(ঠ) সংবাদপত্রের ইন্টারনেট/অনলাইন সংস্করণের জন্য সার্ভার ও ব্যান্ডউইথ ভাড়া বাবদ রেমিট্যান্স প্রেরণের প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা করে সুপারিশ প্রদান।

৩। এ বিষয়ে গত ৩১ জুলাই, ২০১২ তারিখের তম/টিভি-২/১ডি-৪/২০১২/৫২৮ নং প্রজ্ঞাপন বলে গঠিত কমিটি এতদ্বারা বাতিল করা হল।

৪। এ প্রজ্ঞাপন জারীর সাথে সাথে গত ৮ জানুয়ারি ২০১৩ তারিখে জারীকৃত ১৫.০১০.০৩২.০০.০০.০০৩.২০১২-০৩ পত্রের মাধ্যমে গঠিত সাব কমিটি কার্যকর নয় মর্মে গণ্য হবে।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হামিদা চৌধুরী**
উপ-সচিব।

---

**[ একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত ]**
**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়**

**আইসিটি-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ ফেব্রুয়ারি ২০১৩

**নং ৫৬.০০.০০০০.২৫.২২.০৩.১৩-০৩**—সরকার দেশের আইসিটি ক্ষেত্রে গবেষণা কর্মে প্রনোদনা ও বৃত্তি প্রদানের সিদ্ধান্ত নিয়েছে। কিন্তু বর্তমানে এ সংক্রান্ত কোন নীতিমালা না থাকায় একটি নীতিমালা করা আবশ্যক। নীতিমালা প্রণয়নের জন্য নিম্নেবর্ণিত কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে একটি কমিটি করা হলো ঃ

**আহ্বায়ক**

(১) যুগ্ম-সচিব (প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর একজন উপযুক্ত প্রতিনিধি।

(৩) বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ এর একজন উপযুক্ত প্রতিনিধি।

(৪) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার কৌশল বিভাগের একজন অধ্যাপক।

(৫) বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর একজন উপযুক্ত প্রতিনিধি (উপ-সচিব পর্যায়ের)।

(৬) অর্থ মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি (উপ-সচিব পর্যায়ের)।

(৭) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি (উপ-সচিব পর্যায়ের)।

(৮) পরিকল্পনা মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি (উপ-সচিব পর্যায়ের)।

**সদস্য-সচিব**

(৯) জনব মোঃ আহসান উদ্দিন মুরাদ, সহকারী সচিব তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়।

২। **কমিটির কার্যপরিধি ঃ**

(ক) গবেষণা কর্মে প্রণোদনা প্রদান ও বৃত্তি প্রদান সংক্রান্ত দেশ ও বিদেশের নীতিমালাসমূহ পর্যালোচনা করে আইসিটি মন্ত্রণালয়ের জন্য অনুরূপ একটি যুগোপযোগী নীতিমালা প্রণয়ন।

(খ) কমিটি প্রয়োজনে যে কোন উপযুক্ত সদস্য কো-অপ্ট করতে পারবেন।

(গ) ৩০ দিনের মধ্যে খসড়া গাইড লাইন মন্ত্রণালয়ে পেশকরণ।

এ প্রজ্ঞাপন জনস্বার্থে জারীকৃত এবং এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন আছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আহ্‌সান উদ্‌দিন মুরাদ**
সহকারী সচিব।

---

**বস্ত্র ও পাট মন্ত্রণালয়**
**সংস্থা প্রশাসন (বস্ত্র-১) শাখা**

**আদেশ**

তারিখ, ৮ ফাল্গুন ১৪১৯/২০ ফেব্রুয়ারি ২০১৩

**নং ২৪.০২.০০০০.১১৫.২৭.০০৫.১২-৫১**—যেহেতু, টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, রাজৈর, মাদারীপুরের সুপারিটেনডেন্ট, জনাব মোঃ দেলোয়ার হোসেন এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও (ডি) ধারানুযায়ী যথাযক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ৪-৯-২০১২ তারিখে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ২৪.০২.০০০০.১১৫.২৭.০০৫.১২-৩৮৮ নং স্মারকমূলে তাঁকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা তাঁর লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানী প্রার্থনা করলে গত ৫-২-২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় ও ব্যক্তিগত শুনানীতে পেশকৃত বক্তব্য বিশ্লেষণে তাঁর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

সেহেতু, জনাব মোঃ দেলোয়ার হোসেন, সুপারিটেনডেন্ট, টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, রাজৈর, মাদারীপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ধারামতে 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার ৬(১)(বি) ধারার আওতায় তাঁর একটি বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আগামী ২ (দুই) বছরের জন্য স্থগিত রাখার "লঘুদণ্ড" আরোপ করা হল। একই সাথে প্রতিষ্ঠানের বর্গা দেয়া জমি যথাসত্বর চুক্তি বাতিলক্রমে হেফাজতে ফিরিয়ে আনতে অভিযুক্ত সুপারিনটেনডেন্ট'কে নির্দেশ দেয়া হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আশরাফুল মকবুল**
সিনিয়র সচিব।

**পাট-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ ফেব্রুয়ারি ২০১৩

**নং ২৪.০০.০০০০.১১৯.১১.০০৪.১২-৪০**—আদিষ্ট হয়ে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ১৬-২-২০১২ তারিখের বপাম/পরি ০২ উফশী জনবল নিয়োগ/২০৭(অংশ-২)/২০০৪/৮২৫ নং সরকারি মঞ্জুরী (জিও)র মাধ্যমে অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃষ্টির মাধ্যমে স্থানান্তরিত পাট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "সমন্বিত উফশী পাট ও পাটবীজ উৎপাদন" শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্পের নিম্নোক্ত ১২১ সংখ্যক জনবলসহ ১১ ক্যাটাগরীর ১২১টি পদ সংরক্ষণের মেয়াদ ১-৬-২০০৫ তারিখ থেকে ৩১-৫-২০১২ তারিখ পর্যন্ত ভূতাপেক্ষসহ ১-৬-২০১২ তারিখ থেকে ৩১-৫-২০১৩ তারিখ পর্যন্ত নিয়মিত পদ সংরক্ষণ জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নং ২৪৬ তারিখ ৯-১০-২০১২ এবং অর্থ মন্ত্রণালয়ের পত্র নং ৭০০ তারিখ ১১-১২-২০১২ স্মারকের শর্তাবলী পালন সাপেক্ষে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি ঃ

| ক্রমিক নং | পদের নাম | বেতন গ্রেড | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০০৯) | পদ সংখ্যা | অফিসের নাম |
|---|---|---|---|---|---|
| (১) | সহকারী পরিচালক | গ্রেড-০৯ | ১১০০০—২০৩৭০ | ৮ (আট)টি | পাট অধিদপ্তর |
| (২) | পাট উন্নয়ন কর্মকর্তা | গ্রেড-০৯ | ১১০০০—২০৩৭০ | ৪৪(চুয়াল্লিশ)টি | ,, |
| (৩) | সমন্বয় কর্মকর্তা | গ্রেড-১০ | ৮০০০—১৬৫৪০ | ২(দুই)টি | ,, |
| (৪) | মনিটরিং এন্ড ইভ্যালোয়েশন অফিসার | গ্রেড-১০ | ৮০০০—১৬৫৪০ | ২(দুই)টি | ,, |
| (৫) | হিসাব রক্ষণ কর্মকর্তা | গ্রেড-১০ | ৮০০০—১৬৫৪০ | ১(এক)টি | ,, |
| (৬) | পাট উন্নয়ন সহকারী | গ্রেড-১১ | ৬৪০০—১৪২৫৫ | ৪৬(ছেচল্লিশ)টি | ,, |
| (৭) | হিসাব সহকারী (উচ্চতর স্কেল) | গ্রেড-১৪ | ৫২০০—১১২৩৫ | ১(এক)টি | ,, |
| (৮) | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | গ্রেড-১৬ | ৪৭০০—৯৭৪৫ | ৪(চার)টি | ,, |
| (৯) | গাড়ী চালক | গ্রেড-১৫(ভারী লাইসেন্স) | ৪৯০০—১০৪০০ | ২(দুই)টি | ,, |
| | | গ্রেড-১৫(হালকা লাইসেন্স) | ৪৭০০—৯৭৪৫ | | ,, |
| (১০) | এমএলএসএস | গ্রেড-২০ | ৪১০০—৭৭৪০ | ৯(নয়)টি | ,, |
| (১১) | ঝাড়ুদার | গ্রেড-২০ | ৪১০০—৭৭৪০ | ০২(দুই)টি | ,, |
| | | | | মোট-১২১টি | ,, |

**শর্তসমূহ ঃ**

(১) এ বাবদ যাবতীয় ব্যয় পাট অধিদপ্তরের চলতি (২০১২-১৩) অর্থ বছরের রাজস্ব বাজেটের কোড নং ৩-৪১৩৫-০০০১ হতে নির্বাহ করা হবে।

(২) পদ সংরক্ষণ আদেশ জারীর পূর্বে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আরোপিত যাবতীয় শর্ত অবশ্যই পালন করতে হবে এবং পদ সংরক্ষণাদেশে তা উল্লেখ থাকতে হবে।

(৩) পরবর্তীতে কোন শূন্য পদ (যদি থাকে) সংরক্ষণ করা যাবে না।

(৪) চলতি অর্থ বছরের বরাদ্দকৃত বাজেট হতে এ ব্যয় মিটাতে হবে, অতিরিক্ত বরাদ্দ দেয়া যাবে না।

(৫) অর্থ বিভাগের ১৯-১২-২০১১ তারিখের ৬৮৫ নং স্মারকের ক্রমিক নং খ তে বর্ণিত শর্ত মোতাবেক জুলাই/২০০২ সন থেকে জুন/২০১১ সন পর্যন্ত চাকুরীর ধারাবাহিকতা গণনা করা হলেও পদধারীগণ কোন ধরণের বকেয়া আর্থিক সুযোগ-সুবিধা দাবী করতে পারবে না।

(৬) এতে অর্থ বিভাগের সম্মতি গ্রহণসহ অন্যান্য আনুষ্ঠানিকতা অবশ্যই পালন করতে হবে।

(৭) মন্ত্রিপরিষদ বিভাগের ৩-৫-২০০৩ তারিখে মপবি/পঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে।

(৮) যে সকল পদ বিদ্যমান নিয়োগ বিধিতে অন্তর্ভুক্ত নেই, সেই সকল পদ অন্তর্ভুক্ত করে নিয়োগ বিধি সংশোধন করতে হবে।

**সওদাগর মুস্তাফিজুর রহমান**
উপ-সচিব।

**বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ**
**প্রশাসন-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৬ মার্চ ২০১৩

**নং ২৮.০১৩.০০২.০২.০০.০৩৫.২০১১-৭৩**—বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩/বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (সংশোধিত) আইন, ২০১০ অনুযায়ী বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর চেয়ারম্যান নিয়োগের লক্ষ্যে সুপারিশ প্রণয়নের নিমিত্ত নিম্নবর্ণিতভাবে বাছাই কমিটি গঠন করা হলো ঃ

**আহ্বায়ক**

(১) বিচারপতি মমতাজ উদ্দিন আহমেদ
বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগের
অবসরপ্রাপ্ত বিচারপতি

**সদস্যবৃন্দ**

(২) কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ

(৩) চেয়ারম্যান, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পিএসসি)

**কার্যপরিধি ঃ**

(ক) বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩/বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (সংশোধিত) আইন, ২০১০ অনুসারে কমিটি চেয়ারম্যান নিয়োগের সুপারিশ প্রদান করবে;

(খ) জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত সংক্ষিপ্ত তালিকা থেকে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের চেয়ারম্যান নিয়োগের নিমিত্ত কমিটি উপযুক্ত দু'জনের নাম সুপারিশ করবে;

(গ) জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত সংক্ষিপ্ত তালিকাপ্রাপ্তির ২ (দুই) সপ্তাহের মধ্যে কমিটি সুপারিশ প্রদান করবে।

২। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের উপ-সচিব (প্রশাসন) বাছাই কমিটি'কে সাচিবিক সহায়তা প্রদান করবেন।

**মোঃ গোলাম মোস্তফা**
অতিরিক্তি সচিব (প্রশাসন/অপারেশন)।

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ মাঘ ১৪১৯/১২ ফেব্রুয়ারি ২০১৩

**নং ৩৯.০০৬.০১৫.০০.০০.০৮১.২০১২-৫৬০**—বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন ২০১২ (২০১২ সনের ১৯ নং আইন) এর ধারা ৪ এর উপধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রফিকুল ইসলাম**
সচিব।

---

**বেসামরিক বিমান ও পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**পর্যটন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৪ মার্চ ২০১৩

**নং ৩০.০১৫.০১৮.০০.০০.০৪১.২০০৩-৮৪**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই)-এর প্রাক্তন সভাপতি জনাব এ কে আজাদ এর স্থলে বর্তমান সভাপতি জনাব কাজী আকরাম উদ্দিন আহমদ-কে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত হোটেলস ইন্টারন্যাশনাল লিমিটেড (হিল) এর পরিচালনা পর্ষদের পরিচালক পদে নিয়োগ প্রদান করিলেন।

২। এই আদেশ জনস্বার্থে জারী করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম সারওয়ার**
সহকারী সচিব (পর্যটন-১)।